FEB. 2[illegible] 2001

# সাদত কলেজে শিক্ষক ঘেরাও

টাঙ্গাইল সংবাদদাতা ॥ গতকাল মঙ্গলবার সকালে কয়েকজন বিক্ষুব্ধ ছাত্রের হাতে করটিয়া সাদত বিশ্ববিদ্যালয় কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক আনিসুর রহমান লাঞ্ছিত হন। ঘটনার পরপরই শিক্ষকরা কলেজের শিক্ষক কমনরুমে সভায় মিলিত হইলে একদল উচ্ছৃংখল ছাত্র তাহাদের ঘেরাও করিয়া গত শনিবার অনুষ্ঠিত মাষ্টার্স শেষপর্বের পরীক্ষায় বহিস্কৃত ৪৯২ জন পরীক্ষার্থীর বহিস্কারাদেশ প্রত্যাহারের দাবী জানায়। শিক্ষকরা তাহাদের দাবী মানিয়া নেওয়া সম্ভব নয় বলিয়া জানাইলে ছাত্ররা তাহাদের অকথ্য ভাষায় গালিগালাজ করে এবং বিকাল পর্যন্ত শিক্ষকদের অবরোধ করিয়া রাখে। শিক্ষকরা নিরাপত্তার অভাববোধ করিতেছেন।